তারিখ 10 MAR 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

দৈনিক ইত্তেফাক

28

# ক্যাম্পাসে আবার গুলী বিনিময়

ইত্তেফাক রিপোর্ট ॥ ক্যাম্পাসে গতকালও (সোমবার) ছাত্রলীগের (আ-জ) বিবদমান দুই গ্রুপের মধ্যে ব্যাপক গোলাগুলী হয়। রাত সাড়ে নয়টায় প্রথমে জহুরুল হক হল ও মোহসীন হলের মধ্যবর্তী এলাকায় ঘটনা শুরু হয়।

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে

(১ম পৃঃ পর)

পরে এস, এম, জগন্নাথ হল এলাকায় ছড়াইয়া পড়ে। কেহ হতাহত হয় নাই।

রাত সাড়ে নয়টায় ছাত্রলীগের 'থার্ড ওয়ার্ল্ড' গ্রুপের কর্মীরা জহুরুল হক হলের দিকে অগ্রসর হওয়ার চেষ্টা করিলে জহুরুল হক হল হইতে ফাঁকা গুলী ছোঁড়া হয়। ফলে দুই গ্রুপের মধ্যে গোলাগুলী শুরু হয়। এক গ্রুপ মোহসীনহল ও ল্যাবরেটরী হাইস্কুল এলাকা হইতে অপর গ্রুপ জহুরুল হক হলের সম্মুখ হইতে গুলী বিনিময় করিতে থাকে। নীলক্ষেত মোড়ে প্রায় একশত আবাসিক ছাত্র আটকা পড়ে। ক্যাম্পাসের সকল রাস্তার মোড়ে পুলিশের সতর্ক প্রহরা বসানো হয়। জানা যায়, জহুরুল হক ও মোহসীন হলের মধ্যবর্তী এলাকায় প্রায় ১৫/২০ মিনিট গোলাগুলী চলে। ইহার পর জগন্নাথ, পলাশী ও এস এম হল এলাকায় বিচ্ছিন্নভাবে গুলী বর্ষিত হয়। রাতে টেলিফোনে একজন ছাত্র জানান, ক্যাম্পাস পরিস্থিতি মোটেই নিরাপদ নয়। একজন শিক্ষক মন্তব্য করেন 'আমরা নিরাপত্তাহীনতার মধ্যে সময় অতিবাহিত করিতেছি।

রাতে রিপোর্ট লেখা পর্যন্ত জানা যায়, মোহসীন ও জহুরুল হক হলের মধ্যবর্তী এলাকায় থামিয়া থামিয়া গুলী হইতেছিল।